



Biddabari
your success benchmark

BCS

প্রাথমিক

শেখার শিট

কম্পিউটার ও
তথ্য প্রযুক্তি

পিএসসি কর্তৃক নির্ধারিত বিসিএস প্রিলিমিনারি

Syllabus

বিষয় : কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি

পূর্ণমান: ১৫

কম্পিউটার

- ০১। কম্পিউটার পেরিফেরালস (Computer Peripherals): Keyboard, Mouse, OCR, MICR, BR, OMR, BCR, Scanner, Microphone, Light pen, Digitizer, Graphics pen, ইত্যাদি।
- ০২। কম্পিউটারের অঙ্গসংগঠন, সিপিইউ (CPU), হার্ড ডিস্ক (Hard Disk), এএলইউ (ALU) ইত্যাদি।
- ০৩। কম্পিউটারের পারঙ্গমতা (Computer Performance)।
- ০৪। দৈনন্দিন জীবনে কম্পিউটার (Computer in Practical Fields), কৃষি যোগাযোগ, শিক্ষা, স্বাস্থ্য, খেলাধুলা, ইত্যাদি।
- ০৫। কম্পিউটারের নম্বর ব্যবস্থা (Number Systems of Computer)।
- ০৬। অপারেটিং সিস্টেম (Operating System)।
- ০৭। এমবেডেড কম্পিউটার (Embedded Computer)।
- ০৮। কম্পিউটারের ইতিহাস (History of Computer)।
- ০৯। কম্পিউটারের প্রকারভেদ (Types of Computers)।
- ১০। কম্পিউটার প্রোগ্রাম (Computer Program) : ভাইরাস (Virus), ফায়ারওয়াল (Firewall), ইত্যাদি।
- ১১। ডেটাবেইস সিস্টেম (Database System)।

তথ্য প্রযুক্তি

- ১২। ই-কমার্স (E-Commerce)।
- ১৩। সেলুলার ডেটা নেটওয়ার্ক (Cellular Data Network), টুজি (2G), থ্রিজি (3G), ফোরজি (4G), ওয়াইম্যাক্স (Wi-max) ইত্যাদি।
- ১৪। কম্পিউটার নেটওয়ার্ক (Computer Network): ল্যান (LAN), ম্যান (MAN), ওয়াই-ফাই (Wi-Fi), ওয়াইম্যাক্স (Wi-max), Li-Fi ইত্যাদি।
- ১৫। দৈনন্দিন জীবনে তথ্যপ্রযুক্তি (Information Technologies in Practical Fields)।
- ১৬। স্মার্টফোন (Smartphone)।
- ১৭। ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব (World Wide Web-WWW)।
- ১৮। ইন্টারনেট (Internet)।
- ১৯। নিত্য প্রয়োজনীয় কম্পিউটিং প্রযুক্তি (Daily-Use Computing Technology), ই-মেইল (E-mail), ফ্যাক্স (Fax) ইত্যাদি।
- ২০। ক্লায়েন্ট-সার্ভার ম্যানেজমেন্ট (Client-Server Management)।
- ২১। মোবাইল প্রযুক্তির বৈশিষ্ট্যসমূহ (Mobile Features)।
- ২২। তথ্যপ্রযুক্তির বড় প্রতিষ্ঠান ও তাদের সেবা/তথ্যসমূহ (Tech-Giants Services & News) : গুগল (Google), মাইক্রোসফট (Microsoft), আইবিএম (IBM) ইত্যাদি।
- ২৩। ক্লাউড কম্পিউটিং (Cloud Computing)।
- ২৪। সোশ্যাল নেটওয়ার্কিং (Social Networking): Facebook, Twitter, Instagram, ইত্যাদি।
- ২৫। রোবটিক্স (Robotics)।
- ২৬। সাইবার অপরাধ (Cyber Crime)।





সূচিপত্র

কম্পিউটার
ও তথ্য প্রযুক্তি

লেখক নং	টপিকস	পৃষ্ঠা নং
লেখক- ০১	History of Computer, Generation of Computer, Types of Computers, Computer Performance, Computer Architecture, Computer Peripherals, Hardware: (Input, Output, CPU and Memory Unit)	১-৩০
লেখক- ০২	Computer Bus, Virus, Computer Software, Database System ♦ System Software • Database Software • Operating System • Primary Key • Function of OS • Composite Primary Key • FIFO, LIFO, RR, etc. • Reference Key ♦ Utility Software • Foreign Key • Antivirus • Prose and Database System • Backup Software • Disk Defragmenter ♦ Application Software (IBM, Microsoft, Apple, Google, etc.) • Customize Software • Package Software	৩১-৫০
লেখক- ০৩	File Extension, Number Systems of Computer, Number Conversion, Boolean Algebra ♦ D2B, B2D, D2B/O/H ♦ $A + A = 1/A$, Binary Math's (+, -, *, and /), Concept of Code, Logic Gates ♦ Wireless Media ♦ AND, OR, NOT, NAND, NOR ♦ Bluetooth, Wi-Fi, Wi-Max, Li-Fi, etc.	৫১-৬৮
লেখক- ০৪	তথ্য প্রযুক্তি : Computer Network ♦ PAN, LAN, MAN, WAN ♦ Wired Media, Coaxial cable, Optical Cable, Twisted Pair Cable, Network Architecture / Topology ♦ Bus, Ring, Star, Mesh, Tree, Hybrid Topology, Network Devices ♦ Hub, Switch, Bridge, Gateway, Router, Modem, Repeater, NIC. Internet Protocol, Client Server Network ♦ Terminal ♦ Smart Terminal, Dumb Terminal, Cloud Computing	৬৯-৮২
লেখক- ০৫	Social Networking Site (SNS) ♦ Facebook, Twitter, Instagram, LinkedIn, Cyber Crime, E-mail, Firewall, E-Commerce, Robotics ♦ B2B, B2C, C2B, C2C, Search Engine, M-Banking, Information Technologies in Practical Fields, Mobile Phone, Computer Programming Language ♦ Mobile Technology ♦ Translator Software ♦ GSM, CDMA Problem Solving ♦ Generation of Cellular Phone ♦ 1G, 2G, 3G & 4G	৮৩-১০৮



BCS প্রিলি. লেকচার শিট কম্পিউটার ও তথ্য প্রযুক্তি



Lecture Contents

- ❑ History of Computer
- ❑ Generation of Computer
- ❑ Types of Computers
- ❑ Computer Architecture
- ❑ Computer Performance
- ❑ Computer Peripherals
- ❑ Computer Input & Output Devices



সিলেবাস আলোচনা

শিক্ষক PSC'র পূর্ণাঙ্গ সিলেবাস বিশ্লেষণ আকারে আলোচনা করবেন।

History of Computer

কম্পিউটারের ইতিহাস (History of Computer)

কম্পিউটার (Computer) : ল্যাটিন শব্দ কম্পিউটার (Compute) থেকে ইংরেজিতে কম্পিউটার (Computer) শব্দটির উৎপত্তি। Compute (Computer) শব্দের অর্থ হলো- গণনা করা। অর্থাৎ কম্পিউটারের আভিধানিক অর্থ হলো গণনাকারী বা হিসাবকারী যন্ত্র। বাংলাদেশে প্রথম কম্পিউটার আসে ১৯৬৪ সালে।

কম্পিউটারের ইতিহাস : পৃথিবীর প্রথম কম্পিউটার (এনিয়াক)। প্রাগৈতিহাসিক যুগে গণনার যন্ত্র উদ্ভাবিত বিভিন্ন প্রচেষ্টাকে কম্পিউটার ইতিহাস হিসেবে ধরা হয়। পরবর্তীতে গণনার কাজে বিভিন্ন কৌশল ও যন্ত্র ব্যবহার করে থাকলেও অ্যাবাকাস (Abacus) নামক একটি প্রাচীন গণনা যন্ত্রকেই কম্পিউটারের ইতিহাসে প্রথম যন্ত্র হিসেবে ধরা হয়। অর্থাৎ বলা যায়। অ্যাবাকাস থেকেই কম্পিউটারের ইতিহাসের যাত্রা। এটি আবিষ্কৃত হয় খ্রিষ্টপূর্ব ২৪০০ সালে ব্যাবিলনে। খ্রিষ্টপূর্ব ৪৫০/৫০০ অব্দে মিশরে বা চীনে গণনা যন্ত্র হিসেবে অ্যাবাকাস তৈরি হয়। অ্যাবাকাসের সাহায্যে যোগ, বিয়োগ, গুণ, ভাগ প্রভৃতি কাজ করা যেত। সাধারণত চীনে অ্যাবাকাসকে বলা হয় সুয়ানপান (Suanpan), জাপানে সরোবান (Soroban) এবং রাশিয়াতে বলা হয় স্কেটিয়া (sketia)।

আধুনিক কম্পিউটারের বৈশিষ্ট্য :

১. তথ্যের নির্ভুলতা: মূলত, এই যন্ত্র আবিষ্কার করার উদ্দেশ্যই ছিল নির্ভুল গণনা ও তার সঠিক ফল প্রকাশ।
২. উচ্চ গতিসম্পন্নতা।
৩. ত্রুটি সনাক্তকরণ ও সংশোধন।
৪. মেমরি।
৫. বিশাল তথ্য প্রক্রিয়াকরণের ক্ষমতা।
৬. লজিকাল ডিসিশন মেকিং।
৭. অল্পকাল কর্মক্ষমতা।
৮. সূক্ষ্ম প্রক্রিয়াকরণের ক্ষমতা।

ক্যালকুলেটর (Calculator) : ১৬৬২ সালে ১৯ বছর বয়সে ফরাসি গণিতবিদ ব্লেইজ প্যাসকেল (Blaise Pascal: 1623-1662) গিয়ার ও চাকতি ব্যবহার করে সর্বপ্রথম যান্ত্রিক ক্যালকুলেটর বা যান্ত্রিক গণনায়ন্ত্র আবিষ্কার করেন যার প্রথম নাম ছিলো প্যাসকেল'স ক্যালকুলেটর পরে নাম দেন প্যাসক্যালেন (Pascalene)। প্যাসকেলের যন্ত্রের সাহায্যে যোগ ও বিয়োগ করা যেত। তিনি পুনঃপুনঃ যোগ ও বিয়োগের মাধ্যমে যথাক্রমে গুণ এবং ভাগ করার পদ্ধতি ও আবিষ্কার করেন।



পাঞ্চকার্ড (Punched card) : ১৮০১ সালে ফ্রান্সের জোসেফ মেরী জেকার্ড (Joseph Marie Charles or Jacquard): পাঞ্চকার্ড ব্যবহার শুরু করেন। অষ্টাদশ শতাব্দীর শেষে ও ঊনবিংশ শতাব্দীর গোড়ার দিকে বস্ত্র বুনন ছিল ইউরোপের একটি গুরুত্বপূর্ণ শিল্প। সে সময় ফরাসি দেশীয় জেমস মেরি জেকার্ড (১৭৫২-১৮৩৪ খ্রি.) কাপড় বুননের জন্য ছিদ্রযুক্ত কার্ড বা পাঞ্চ কার্ড ব্যবহার করেন।

অ্যানালগ কম্পিউটার

- (i) **ডিফারেন্স ইঞ্জিন (Difference Engine) :** ১৭৮৬ সালে জার্মানির মুলার ডিফারেন্স ইঞ্জিন নামে পরিচিত একটি ক্যালকুলেটর বা গণনা যন্ত্র তৈরির পরিকল্পনা করেন। ১৮১২ সালে ইংল্যান্ডের কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের গণিতের অধ্যাপক চার্লস ব্যাবেজ (charls Babbage) আরো উন্নত ডিফারেন্স ইঞ্জিন উদ্ভাবনের পরিকল্পনা করেন। চার্লস ব্যাবেজ ছিলেন একাধারে গণিতবিদ, দার্শনিক আবিষ্কারক এবং যন্ত্র প্রকৌশলী।
- (ii) **অ্যানালাইটিক্যাল ইঞ্জিন (Analytical Engine) :** ১৮৩৩ সালে ব্যাবেজ অ্যানালাইটিক্যাল ইঞ্জিন নামে একটি যন্ত্র তৈরি করার পরিকল্পনা করেন এবং নকশা তৈরি করেন। ব্যাবেজ আধুনিক কম্পিউটারের মতোই তার মেশিনে গাণিতিক ইউনিট (Arithmetic unit), স্মৃতি (Memory), নিয়ন্ত্রণ ইউনিট, ইনপুট/আউটপুট (Input/output) চিহ্নিত করেন। অ্যানালাইটিক্যাল ইঞ্জিনে সাধারণ এসেম্বলি ভাষায় (Assembly Language) প্রোগ্রাম করার ব্যবস্থা ছিল এবং সফটওয়্যার হতো। এ সফটওয়্যার তৈরির জন্য ব্যাবেজ বিখ্যাত ব্রিটিশ কবি লড বায়রনের কন্যা এ্যাডা অগাস্টা ল্যাভলেসকে নিয়োগ দেন। ১৮৪২ সালে তুরিন বিশ্ববিদ্যালয়ে ব্যাবেজ তাঁর ইঞ্জিন সম্পর্কে বক্তব্য দেন। এ্যাডা সে সময় ব্যাবেজের সহায়তায় পুরো বক্তব্যে ইঞ্জিনের কাজের ধারণাটি বর্ণনা করেন। তাই পরবর্তীতে প্রোগ্রামিং ভাষা এ্যাডা তারই নামনুসারে নামকরণ করা হয়। এবং তিনিই বিশ্বের প্রথম কম্পিউটার প্রোগ্রামার হিসেবে পরিচিতি লাভ করেন।

Pascal's Calculating Machine

১৬৪২ সালে ১৯ বছর বয়সী ফরাসি বিজ্ঞানী ব্লাইজ প্যাসকেল (Blaise Pascal) সর্বপ্রথম যান্ত্রিক ক্যালকুলেটর আবিষ্কার করেন। তিনি দাঁত যুক্ত চাকা বা গিয়ারের সাহায্যে যোগ বিয়োগ করার পদ্ধতি চালু করেন। ১৬৭১ সালে জার্মান গণিতবিদ গটফ্রাইড ভন লিবনিজ (Gottfried Von Leibnitz) প্যাসকেলের যন্ত্রের ভিত্তিতে চাকা ও দন্ড ব্যবহার করে গুণ ও ভাগের ক্ষমতাসম্পন্ন আরো উন্নত যান্ত্রিক ক্যালকুলেটর তৈরি করেন। তিনি যন্ত্রটির নাম দেন রিকোনিং যন্ত্র (Reckoning Machine)। যন্ত্রটি কিছু যান্ত্রিক অসুবিধার জন্য জনপ্রিয় হয়ে উঠেনি। পরে ১৮২০ সালে টমাস ডি কোমার (Thomas De Colmar) রিকোনিং যন্ত্রের অসুবিধা দূর করে লিবনিজের যন্ত্রকে জনপ্রিয় করে তোলেন।

টেবুলেটিং মেশিন (Tabulating Machine)

১৮০১ সালে বস্ত্র শিল্পে নকশা নিয়ন্ত্রণের জন্য পাঞ্চকার্ডের ব্যবহার শুরু হয়। ফ্রান্সের জোসেফ মেরি জেকার্ড (Joseph Marie Jacquard) বস্ত্রশিল্পে পাঞ্চকার্ড ব্যবহার শুরু করেন। মার্কিন পরিসংখ্যানবিদ হারম্যান হলিরিথ (Dr. Herman Hollerith) পাঞ্চ কার্ডে ডেটা সংরক্ষণ পদ্ধতি উদ্ভাবন করেন। ১৮৮০ সালে তিনি পাঞ্চকার্ড ব্যবহার করে সেন্সাস মেশিন বা টেবুলেটিং

মেশিন নামে একটি গণনা যন্ত্র আবিষ্কার করেন। পাঞ্চকার্ড হলো এক ধরনের শক্ত কাগজের তৈরি কার্ড যা এর উপরের ছিদ্রের উপস্থিতি ও অনুপস্থিতির ভিত্তিতে ডিজিটাল তথ্য প্রকাশ করে। ইউনিট রেকর্ড যন্ত্রে তথ্য ইনপুট প্রক্রিয়াকরণ এবং সংরক্ষণের জন্য ব্যবহৃত হতো এই কার্ড।

Napier's Bone

নেপিয়রের অস্থি বা হাড় (ovapier's bone) : ১৬১৪ সালে স্কটল্যান্ডের গণিতবিদ জন নেপিয়র লগারিদমের সারণি আবিষ্কার করেন যার ফলে অনেক জটিল গাণিতিক হিসাব সহজ হয়। তিনি ১৬১৭ সালে দাগকাটা এবং সংখ্যা বসানো দন্ড ব্যবহার করে সংখ্যাভিত্তিক গণনায়ন্ত্র আবিষ্কার করেন।

স্লাইড রুল (Slide Rule) : ১৬৩২ সালে উইলিয়াম অডরেট (William oughtred) নামের একজন ইংরেজ গণিতবিদ নেপিয়রের লগারিদম ব্যবহার করে স্লাইড রুল আবিষ্কার করেন।

টুরিং মেশিন : ইংরেজ গণিতবিদ অ্যালান টুরিং ১৯৩৬ সালে টুরিং মেশিন এর মাধ্যমে গণনা এবং অ্যালগোরিদম এর ধারণার প্রবর্তন করেন।

কম্পিউটার জাদুঘর : বিশ্বের প্রথম কম্পিউটার জাদুঘর যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার Computer History Museum. 1996 সালে এটি প্রতিষ্ঠিত হয়।

First Computer

পৃথিবীর প্রথম আবিষ্কৃত কম্পিউটার হচ্ছে ABC (Atanasoff Berry Computer)। এটি আবিষ্কার করেন জন ভিনসেন্ট আটানাসফ (John Vincent Atanasoff)। তিনি ছিলেন বুলগেরীয় বংশোদ্ভূত একজন মার্কিন পদার্থবিদ। ১৯৭৩ সালের হানিওয়েল ব. স্পেরি রয়াল্ড মামলার সিদ্ধান্তে তাঁকে সর্বপ্রথম স্বয়ংক্রিয় ইলেকট্রনিক ডিজিটাল কম্পিউটার এর উদ্ভাবক হিসাবে ঘোষণা করা হয়। এই কম্পিউটারটি ছিল একটি সীমাবদ্ধ যন্ত্র যেটি প্রোগ্রাম করা যেত না। এটি পরবর্তীতে আটানাসফ বেরি কম্পিউটার নামে পরিচিতি পায়।

First Programmable Computer

এনিয়াক (ENIAC) হচ্ছে Electronic Numerical Integrator and Computer। এটিই প্রথম প্রোগ্রামাভিত্তিক কাজ করার মতো ডিজিটাল কম্পিউটার। এই কম্পিউটার প্রোগ্রামিং এর ক্ষেত্রে অবদান রাখেন- জন ভন নিউম্যান John Van Neumann (২৮শে ডিসেম্বর, ১৯০৩ - ৮ই ফেব্রুয়ারি, ১৯৫৭)। তিনি ছিলেন হাঙ্গেরীয় বংশোদ্ভূত মার্কিন গণিতবিদ। এছাড়াও তিনি বিভিন্ন ক্ষেত্রে অবদান রেখেছেন যেমন- সেট তত্ত্ব, জ্যামিতি, প্রবাহী গতিবিদ্যা, অর্থনীতি, প্রোগ্রামিং, কম্পিউটার বিজ্ঞান, পরিসংখ্যান ইত্যাদি।

Father of Computer

চার্লস ব্যাবেজ ডিফারেন্স ইঞ্জিন ও অ্যানালাইটিক্যাল ইঞ্জিন নামে দুইটি যান্ত্রিক কম্পিউটার তৈরি করেন ১৮২৩ ও ১৮৩৩ সালে। তাঁর তৈরি অ্যানালাইটিক্যাল ইঞ্জিন যান্ত্রিকভাবে গাণিতিক অপারেশন সম্পাদন করতে পারত এবং এর বিভিন্ন বৈশিষ্ট্য আধুনিক কম্পিউটারের ডিজাইনে গুরুত্বপূর্ণ ভূমিকার জন্য চার্লস ব্যাবেজকে কম্পিউটারের জনক বলা হয়। তাঁর সহকর্মীদের ভিন্নমত পোষণ ও অর্থায়নের অভাবে ব্যাবেজ তাঁর প্রকল্পটি সম্পূর্ণ করতে পারেননি। তিনি ১৭৭২ সালে ইংল্যান্ডে জন্মগ্রহণ করেন এবং ১৮৭১ সালে মৃত্যুবরণ করেন।



Father of Modern Computer

জন ভন নিউম্যান John Van Neumann কে আধুনিক কম্পিউটারের জনক বলা হয়।

কম্পিউটারের আবিষ্কারক

কম্পিউটারের আবিষ্কারক হাওয়ার্ড এইকেন যার পুরো নাম ছিল হাওয়ার্ড হ্যাথওয়াই এইকেন (Howard Hathaway Aiken) জন্ম ৮ মার্চ ১৯০০, Hoboken, New Jersey- মৃত্যু ১৪ মার্চ, ১৯৭৩ (৭৩ বছর) এবং জন্মস্থান: সেন্ট লুইস, মিসৌরি এবং অ্যামেরিকার একজন নাগরিক। তিনি IBM (International Business Matchine) এর হার্ভার্ড মার্ক ১ (Harvard Mark I) কম্পিউটারের মূল প্রকৌশলী এবং কম্পিউটিং এর অগ্রদূত। তিনি চার্লস ব্যাবেজের থিওরি নিয়ে গবেষণা করে প্রথম ডিজিটাল কম্পিউটার আবিষ্কারের উৎসাহ পান।



এক কথায় উত্তর

১. Computer শব্দের অর্থ কী?

উত্তর: গণনা করা।

২. বাংলাদেশের প্রথম কম্পিউটার আসে কত সালে?

উত্তর: ১৯৬৪ সালে।

৩. কম্পিউটার আবিষ্কারক কে?

উত্তর: হাওয়ার্ড এইকেন।

৪. পৃথিবীর প্রথম কম্পিউটার এর নাম কী?

উত্তর: ENIAC (এনিয়াক)।

৫. বিশ্বের সর্বপ্রথম ইলেকট্রনিক কম্পিউটারকে কি বলা হয়?

উত্তর: UNIVAC (Universal Automatic Computer)।

৬. প্রথম ডিজিটাল ইলেকট্রনিক কম্পিউটার এর নাম কী?

উত্তর: ABC কম্পিউটার।

৭. সর্বপ্রথম সম্পূর্ণ ইলেকট্রনিক ডিজিটাল কম্পিউটার ENIAC

কম্পিউটার তৈরি হয় কত সালে?

উত্তর: ১৯৪৩ সালে।

৮. অ্যাবাকাস কী?

উত্তর: একপ্রকার গণনা যন্ত্র।

৯. আধুনিক কম্পিউটারের জনক কে?

উত্তর: চার্লস ব্যাবেজ।

১০. বিশ্বের প্রথম কম্পিউটার প্রোগ্রামার কে?

উত্তর: লেডি অ্যাডা অগাস্টা লাভলেস।

১১. কম্পিউটারের মস্তিষ্কে বলা হয় কী?

উত্তর: কেন্দ্রীয় প্রক্রিয়া করণ।

১২. কম্পিউটারের সাধারণত কি নেই?

উত্তর: বুদ্ধিমত্তা।

১৩. কম্পিউটার পরিমাপের ভিত্তিতে কাজ করে সাধারণত কোন কম্পিউটার?

উত্তর: এনালগ কম্পিউটার।

১৪. প্রথম প্রজন্মের কম্পিউটারে কী ব্যবহৃত হয়?

উত্তর: বায়ুশূন্য বাল্ব।



Teacher's Work



১. কম্পিউটার কে আবিষ্কার করেন? [২০তম বিসিএস]

(a) উইলিয়াম অটরেড

(b) প্যাসকেল

(c) হাওয়ার্ড এইকিন

(d) অ্যাবাকাস

উত্তর : গ

২. Computer শব্দের অর্থ কী?

(a) হিসাবকারী যন্ত্র

(b) সিদ্ধান্ত গ্রহণের যন্ত্র

(c) সমস্যা সমাধানের যন্ত্র

(d) নিয়ন্ত্রক যন্ত্র

উত্তর : ক

৩. বিশ্বের প্রথম গণনাকারী যন্ত্র কোনটি?

(a) Analogy calculator

(b) Abacus

(c) Difference engine

(d) Clock

উত্তর : খ

৪. প্রথম যান্ত্রিক ক্যালকুলেটর কে তৈরি করেন?

(a) জর্জ বুল

(b) চার্লস ব্যাবেজ

(c) লিবনিজ

(d) নেপিয়ার

উত্তর : গ

৫. ডিফারেন্স ইঞ্জিন কে আবিষ্কার করেন?

(a) আলফ্রেড নোবেল

(b) আইনস্টাইন

(c) চার্লস ব্যাবেজ

(d) হারম্যান হলিরিথ

উত্তর : গ

৬. বিশ্বের প্রথম মিনি কম্পিউটারের নাম-

(a) পিপিডি-১

(b) ডিটিপি-১

(c) পিডিপি-১

(d) ডিপিপি-১

উত্তর : b

৭. মার্ক-১ কোন প্রজন্মের কম্পিউটার?

(a) First

(b) Second

(c) Third

(d) Fourth


উত্তর : a



Generation of Computer

কম্পিউটার বিভিন্ন পর্যায়ে অতিক্রম করে বর্তমান অবস্থায় এসেছে। পরিবর্তন বা বিকাশের একেকটি পর্যায়ে বা ধাপকে একেকটি প্রজন্ম বলা হয়। কম্পিউটার প্রজন্ম মোট ৫টি। যথা-

Generation Of Computers 1st To 5th



১. প্রথম প্রজন্ম কম্পিউটার (First Generation Computer):

এই প্রজন্মের সময়কাল ১৯৪৬-১৯৫৯।

বৈশিষ্ট্যসমূহ-

- ভ্যাকুয়াম টিউববিশিষ্ট ইলেকট্রনিক বর্তনীর বহুল ব্যবহার।
- চুম্বকীয় ড্রাম মেমোরির ব্যবহার।
- মেশিনের ভাষার মাধ্যমে নির্দেশ প্রদান ও প্রোগ্রামে অর্থসূচক নির্দেশ সংকেত বা কোড-এর ব্যবহার।
- ডেটা সংরক্ষণের জন্য ইলেক্ট্রোস্ট্যাটিক টিউব অথবা মার্কারি ডিলে লাইন-এর ব্যবহার এবং সীমিত ডেটা ধারণক্ষমতা।
- ইনপুট/আউটপুট ব্যবস্থার জন্য পাঞ্চকার্ডের ব্যবহার।
- বিশাল আকৃতির ও সহজে বহন অযোগ্য।
- কম নির্ভরশীলতা ও স্বল্পগতি সম্পন্ন।
- অত্যধিক বিদ্যুৎ শক্তির খরচ ও
- রক্ষণাবেক্ষণ ও উত্তাপ সমস্যা।

উদাহরণ- UNIVAC, IBM 650, IBM 704, IBM 709, Mark A ইত্যাদি।

২. দ্বিতীয় প্রজন্ম কম্পিউটার (Second Generation Computer):

এই প্রজন্মের সময়কাল ১৯৫৯-১৯৬৫। ট্রানজিস্টর আবিষ্কৃত হওয়ার পর কম্পিউটার প্রযুক্তির যে প্রজন্ম শুরু হয়, তাই কম্পিউটারের ২য় প্রজন্ম। এ প্রজন্মের একটি কম্পিউটার IBM 1620 দিয়ে ১৯৬৪ সালে বাংলাদেশে কম্পিউটার ব্যবহারের সূচনা হয়। এ কম্পিউটারটি ঢাকার পরমাণু শক্তি কেন্দ্রে সুদীর্ঘ কয়েক বছর চালু ছিল।

বৈশিষ্ট্যসমূহ-

- ট্রানজিস্টরের ব্যবহার।
- চুম্বকীয় কোর মেমোরির ব্যবহার ও ম্যাগনেটিক ডিস্কের উদ্ভব।
- উচ্চ গতিবিশিষ্ট ইনপুট/আউটপুট সরঞ্জাম।
- ফরট্রান ও কোবলসহ উচ্চতর ভাষায় উদ্ভব।
- আকৃতির সংকোচন।
- তাপ সমস্যার অবসান।
- টেলিফোন লাইন ব্যবহার করে ডেটা প্রেরণের ব্যবস্থা।
- গতি ও নির্ভরযোগ্যতার উন্নতি।

উদাহরণ- Honeywell 200, IBM 1620, IBM 1401, CDC 1604, RCA 301, RCA 501, BCR 300, GE 200, IBM 1600 ইত্যাদি।

৩. তৃতীয় প্রজন্ম কম্পিউটার (Third Generation Computer):

এই প্রজন্মের সময়কাল ১৯৬৫-১৯৭১। তৃতীয় প্রজন্মের কম্পিউটারে ইন্টিগ্রেটেড সার্কিট বা সমন্বিত চিপ (Integrated Circuit বা IC) থাকে যাতে অনেক অর্ধপরিবাহী ডায়োড, ট্রানজিস্টর এবং অন্যান্য ইলেকট্রনিক যন্ত্রাংশ থাকে।

বৈশিষ্ট্যসমূহ-

- একীভূত বর্তনী বা ইন্টিগ্রেটেড সার্কিটের (IC) ব্যাপক প্রচলন।
- অর্ধপরিবাহী মেমোরির উদ্ভব ও বিকাশ।
- আকৃতির সংকোচন।
- উন্নত কার্যকারিতা ও নির্ভরযোগ্যতা।
- মিনি কম্পিউটারের প্রচলন।
- উচ্চতর ভাষার বহুল প্রচলন।
- ভিডিও মনিটর ও লাইন প্রিন্টারের প্রচলন এবং নির্বাহী পদ্ধতির উন্নয়ন।

উদাহরণ- Altair-8800, IBM 360, IBM 370, PDP-8, PDP-11, GE 600 ইত্যাদি।

৪. চতুর্থ প্রজন্ম কম্পিউটার (Fourth Generation Computer):

এই প্রজন্মের সময়কাল ১৯৭১ থেকে বর্তমান পর্যন্ত। বর্তমানে আমরা যে সকল কম্পিউটার ব্যবহার করছি, এর সকল কম্পিউটারই চতুর্থ প্রজন্মের কম্পিউটার হিসেবে পরিচিত। এ সময় থেকে কম্পিউটারে অর্ধপরিবাহীর তৈরি মেমোরি প্রবর্তিত হয় এবং LSI (Large Scale Integration) ও VLSI (Very Large Scale Integration) প্রযুক্তির মাধ্যমে তৈরি মাইক্রোপ্রসেসর (Microprocessor) ব্যবহার হয়।

বৈশিষ্ট্যসমূহ-

- বৃহদাকার একীভূত বর্তনী (VLSI)।
- মাইক্রোপ্রসেসর (Microprocessor) ও মাইক্রোকম্পিউটার (বা পার্সোনাল কম্পিউটার) এর প্রসার ও প্রচলন।
- বর্ধিত ডেটা ধারণ ক্ষমতা।
- নির্ভরযোগ্যতার উন্নতি।
- সরাসরি প্রয়োগের জন্য প্রোগ্রাম প্যাকেজের ব্যাপক প্রচলন।

উদাহরণ- IBM 3033, HP 3000, IBM 4341, TRS 40, Sharp PC-1211, IBM PC ইত্যাদি।



৫. পঞ্চম ও ভবিষ্যৎ প্রজন্ম (Fifth Generation Computer):

■ ভবিষ্যৎ বৈশিষ্ট্যসমূহ-

- তথ্য ধারণ ক্ষমতার ব্যাপক উন্নতি।
- উন্নত মানের Operating System।
- UVLSI এর ব্যাপক ব্যবহার এবং Software এর উন্নতি।
- শব্দযোগ্য শব্দ দিয়ে কম্পিউটারের সাথে সংযোগ।

- কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) এর ব্যবহার।
- লজিক সার্কিটগুলোতে ফাইবার অপটিক Cable ব্যবহার।
- উচ্চ গতি সম্পন্ন মাইক্রোপ্রসেসরের ব্যবহার।
- কণ্ঠস্বর সনাক্তকরণ এবং সফল ভাষায় কম্পিউটিং।
- এ প্রজন্মের কম্পিউটারের প্রধান বিশেষত্ব হলো কৃত্রিম বুদ্ধিমত্তা।



এক কথায় উত্তর

১. প্রথম বৈদ্যুতিক কম্পিউটার কী?

উত্তর: Mark-I।

২. প্রথম সংরক্ষিত প্রোগ্রাম বিশিষ্ট ইলেকট্রনিক কম্পিউটার এর নাম কী?

উত্তর: EDSAC।

৩. বিশ্বের প্রথম মাইক্রো কম্পিউটারের নাম কী?

উত্তর: Altair 8800।

৪. বাংলাদেশে স্থাপিত প্রথম কম্পিউটারকে কি বলা হয়?

উত্তর: IBM- 1620।

৫. ট্রানজিস্টর উদ্ভাবন করেন?

উত্তর: ১৯৪৮ সালে।

৬. ট্রানজিস্টর ভিত্তিক প্রথম মিনি কম্পিউটার এর নাম কী?

উত্তর: TX-0।

৭. জ্যাক কেসবি ইন্টিগ্রেটেড সার্কিট (IC) আবিষ্কার করেন কত সালে?

উত্তর: ১৯৫৮ সালে।

৮. কম্পিউটারের প্রথম প্রোগ্রামিং ভাষার নাম কী?

উত্তর: ADA।

৯. কম্পিউটারে ট্রানজিস্টর এর ব্যবহার শুরু হয় কখন থেকে?

উত্তর: ২য় প্রজন্ম থেকে।

১০. কম্পিউটারে আইসি এর ব্যবহার শুরু হয় কখন থেকে?

উত্তর: ৩য় প্রজন্মের কম্পিউটার থেকে।

১১. কম্পিউটারে VLSI মাইক্রোপ্রসেসর এর ব্যবহার শুরু হয়।

উত্তর: ৪র্থ প্রজন্মের কম্পিউটারে।

১২. পঞ্চম প্রজন্মের কম্পিউটারে ভিত্তি কী?

উত্তর: Artificial intelligence।

১৩. কৃত্রিম বুদ্ধিমত্তা সাধারণত কোন ধরনের বৈশিষ্ট্য ধারণ করে?

উত্তর: ৫ম কম্পিউটারের বৈশিষ্ট্য।



Teacher's Work



১. IC চিপ দিয়ে তৈরি প্রথম ডিজিটাল কম্পিউটার-

- (a) PDP-1 (b) IBM System 360 (c) Intel 4004 (d) Mark-1 (b)

২. আধুনিক কম্পিউটারের জনক কে?

- (a) প্রেসপার (b) চার্লজ ব্যাবেজ (c) ড. জন মেসলি (d) জর্জ কুক (b)

৩. নিচের কোনটি মাইক্রো কম্পিউটার নয়?

- (a) Desktop PC (b) Laptop PC (c) Tablet PC (d) None of these (d)



Types of Computer



আধুনিক কম্পিউটারকে ব্যবহারিক ক্ষেত্রের উপর ভিত্তি করে প্রধানত দুই ভাগে ভাগ করা যায়-

- ক) সাধারণ ব্যবহারিক কম্পিউটার (General Purpose uses Computer) ও
- খ) বিশেষ ব্যবহারিক কম্পিউটার (Special Purpose uses Computer/Embedded Computer)।

ক) সাধারণ ব্যবহারিক কম্পিউটার (General Purpose Uses Computer):

এই ধরনের কম্পিউটারে বিভিন্ন ধরনের প্রোগ্রাম সংরক্ষিত থাকে। যে কোন নতুন প্রোগ্রাম সংরক্ষণ এবং পুরাতন প্রোগ্রাম পরিবর্তন, পরিবর্ধন বা মুছে ফেলা যায়। ব্যবহারকারী প্রয়োজনমত ভিন্ন ভিন্ন প্রোগ্রাম চালিয়ে কাজ করতে পারে।

খ) বিশেষ ব্যবহারিক কম্পিউটার (Special Purpose Uses Computer/Embedded Computer):

বিশেষ Computer কেবলমাত্র একটি বিশেষ বা নির্দিষ্ট কাজের জন্য তৈরি করা হয়। এ কম্পিউটারে কেবলমাত্র একটি নির্দিষ্ট প্রোগ্রাম সংরক্ষণ করা হয়ে থাকে। এই ধরনের Computer এর প্রয়োগবিধি সীমাবদ্ধ থাকে। যেমন- ATM Machine, চোখের লেন্সের ত্রুটি নির্ণয়ের জন্য ব্যবহৃত “অটোরিফ্রাক্টোমিটার”।

ক্রিয়ানীতি বা প্রয়োগনীতির উপর ভিত্তি করে Computer-কে ৩টি শ্রেণিতে বিভক্ত করা যায়-

১. **এনালগ কম্পিউটার (Analog Computer):** এটি মূলত পরিবর্তনশীল বৈদ্যুতিক তরঙ্গ দ্বারা পরিচালিত। এটি তরঙ্গের প্রবাহ, বায়ুর চাপ, তরল পদার্থের প্রবাহ ও তাপমাত্রা পরিমাপ ইত্যাদি পরিবর্তনশীল উপাত্তের জন্য তৈরি বৈদ্যুতিক তরঙ্গকে ইনপুট হিসাবে গ্রহণ করে এবং ফলাফল কাঁটার সাহায্যে প্রকাশ করে। উদাহরণ- মটর গাড়ীর স্পিডোমিটার, স্লাইডরুল, অ্যামপ্লিফায়ার ইত্যাদি।
২. **ডিজিটাল কম্পিউটার (Digital Computer):** ডিজিটাল কম্পিউটারের ডিজিটাল কথাটি digit শব্দ হতে উৎপত্তি হয়েছে যার অর্থ হল অংক। সাধারণ অর্থে Computer বলতে আমরা এই ধরনের কম্পিউটারকেই বুঝি। এই কম্পিউটার গণিতের নীতির ভিত্তিতে পরিচালিত একটি Counting Device যা ডিজিটাল কম্পিউটারের

সংখ্যা, বর্ণ, সংকেত, ইত্যাদি ইনপুট হিসাবে গ্রহণ করে এবং ফলাফল লিখিতভাবে পাওয়া যায়। এই ফলাফল খুবই নির্ভুল। ডিজিটাল কম্পিউটারে ডিজিটাল সংকেত বা বিদ্যুৎ প্রবাহ চালু বা বন্ধ করে হিসাবকার্য করা হয়ে থাকে, অর্থাৎ এটি “০” ও “১” দিয়ে সব ধরনের কাজের প্রক্রিয়া সম্পন্ন করে। উদাহরণ- ডেস্কটপ, ল্যাপটপ, পিডিএ ইত্যাদি।

৩. **হাইব্রিড কম্পিউটার (Hybrid Computer):** ডিজিটাল এবং এনালগ কম্পিউটার এর বৈশিষ্ট্যের সমন্বয়ে হাইব্রিড কম্পিউটার তৈরি করা হয়েছে। এই কম্পিউটার এনালগ পদ্ধতিতে ইনপুট গ্রহণ করে এবং ইনপুটকৃত ডেটা প্রক্রিয়াকরণ শেষে ডিজিটাল পদ্ধতিতে ফলাফল প্রকাশ করে। যে ক্ষেত্রে এনালগ ও ডিজিটাল সংকেত উভয় পদ্ধতির উপস্থিতি বিদ্যমান সে ক্ষেত্রে এ ধরনের কম্পিউটার ব্যবহৃত হয়। উদাহরণ- হাসপাতালে ইসিজি মেশিনে ব্যবহৃত কম্পিউটার, ক্ষেপনাস্ত্র, নভোযান, আবহাওয়া এবং অন্যান্য ক্ষেত্রেও হাইব্রিড কম্পিউটার ব্যবহার হয়ে থাকে। তবে হাইব্রিড কম্পিউটার অত্যন্ত দামি বলে শুধু বিশেষ ক্ষেত্রে ব্যবহার করা হয়ে থাকে।

আকার, আকৃতি, ক্ষমতা ও দক্ষতার উপর ভিত্তি করে ডিজিটাল কম্পিউটারকে চারভাগে ভাগ করা হয়-

১. **সুপার কম্পিউটার (Super Computer):** সুপার কম্পিউটার হলো সবচেয়ে দ্রুতগতি সম্পন্ন কম্পিউটার অর্থাৎ গাণিতিক প্রক্রিয়া সম্পন্ন করতে এদের সবচেয়ে কম সময় লাগে। সুপার কম্পিউটারে অনেক প্রসেসর একত্রে কাজ করে বিধায় খুব দ্রুতগতিতে হিসাব নিকাশ করা যায়। যেমন- আবহাওয়ার পূর্বাভাস, মহাকাশ যান চালনা, বিভিন্ন আন্সেয়াজ ডিজাইন, পারমাণবিক চুল্লী, সুপারসনিক বিমানের ডানার ডিজাইন তৈরি, সিমুলেশন ইত্যাদি ক্ষেত্রে সুপার কম্পিউটার ব্যবহার করা। উদাহরণ- ETA-02P, Super SX II, Cyber-205, Cray-1, Road Runner ইত্যাদি।
২. **মেইনফ্রেম কম্পিউটার (Mainframe Computer):** মেইনফ্রেম কম্পিউটারে সব ধরনের পেরিফেরাল অবস্থা, সবরকম হাই-লেভেল ভাষা ও সবধরনের সফটওয়্যার ব্যবহৃত হয়। মেইনফ্রেম কম্পিউটার অনেক বেশি কাজ করতে পারে I/O ব্যবস্থায় প্রতি সেকেন্ডে কয়েক লক্ষ বাইট ডেটা আদান প্রদান করতে পারে। মেইনফ্রেম কম্পিউটার এক সঙ্গে শতাধিক ব্যবহারকারী টাইম শেয়ারিং পদ্ধতিতে ব্যবহার করতে পারে। এদের ডেটা সংরক্ষণ ক্ষমতা খুব বেশি। অতি বৃহৎ শিল্প বাণিজ্য প্রতিষ্ঠানে, জটিল বৈজ্ঞানিক গবেষণা ও উচ্চস্তরের প্রযুক্তিগত বিশ্লেষণে মেইনফ্রেম কম্পিউটার ব্যবহৃত হয়। উদাহরণ- IBM 4300, IBM 4341, UNIVAC - 1100, Cyber- 170 ইত্যাদি।
৩. **মিনি কম্পিউটার (Mini Computer):** মেইনফ্রেম কম্পিউটার এর তুলনায় কিছুটা ছোট হলেও কার্যক্ষমতা ব্যাপক। টার্মিনাল ব্যবহার করে অনেক ব্যবহারকারী একত্রে এই কম্পিউটার ব্যবহার করতে পারে। বর্তমানে শিল্প বাণিজ্যে এই কম্পিউটার ব্যাপকভাবে ব্যবহৃত হচ্ছে। শিল্প কারখানা, গবেষণা প্রতিষ্ঠান, ব্যাংক-বীমা, বড় ব্যবসায়ী প্রতিষ্ঠানে বিপুল পরিমাণ উপাত্ত প্রক্রিয়াকরণ ও তথ্য ব্যবস্থাপনার জন্য এই কম্পিউটার ব্যবহৃত হয়। উদাহরণ- IBM S/34, IBM S/36, PDP II, Nova-3 ইত্যাদি।



৪. **মাইক্রো কম্পিউটার (Micro Computer):** মাইক্রো (Micro) শব্দের অর্থ ক্ষুদ্র। ক্ষুদ্রাকৃতির মাইক্রো প্রসেসর দিয়ে তৈরি বলেই একে মাইক্রো কম্পিউটার বলা হয়। এই ধরনের কম্পিউটারে সাধারণত একটি মাইক্রোপ্রসেসর বা CPU (Central Processing Unit), ROM, RAM I/O ইন্টারফেস চিপ দ্বারা গঠিত। বর্তমানের মাইক্রো

কম্পিউটার আকারে সবচেয়ে ছোট ও দামে কম। এদের রক্ষণাবেক্ষণ খরচও কম। মাইক্রো কম্পিউটারকে Personal Computer বা সংক্ষেপে PC বলা হয়। ডেস্কটপ, ল্যাপটপ, নোটবুক, পামটপ, পিডিএ (PDA-Personal Digital Assistant), ওয়ার্কস্টেশন ইত্যাদি। উদাহরণ- IBM PC, Apple Power PC, Altair-8800 ইত্যাদি।



এক কথায় উত্তর

১. প্রোগ্রাম নিয়ন্ত্রিত ইলেকট্রনিক কম্পিউটার এর নাম কী?

উত্তর: Z_3 ।

২. বর্তমানে বিশ্বের সবচেয়ে দ্রুততম সুপার কম্পিউটার- এর নাম কী?

উত্তর: ফ্রন্টিয়ার, USA।

৩. বাণিজ্যিকভাবে সফল প্রথম সুপার কম্পিউটার হচ্ছে ?

উত্তর: CDC-6600।

৪. বাংলাদেশে তৈরী প্রথম ল্যাপটপ?

উত্তর: দোয়েল।

৫. ইন্টেল কর্পোরেশন এর মাইক্রোপ্রসেসরটি প্রথম বাজারে আসে তার নাম কী?

উত্তর: Intel-4004।

৬. পৃথিবীর প্রথম সংরক্ষিত প্রোগ্রাম বিশিষ্ট ইলেকট্রনিক কম্পিউটারের নাম কী?

উত্তর: EDSAC।

৭. IC চিপ দিয়ে তৈরি প্রথম ডিজিটাল কম্পিউটার এর নাম কী?

উত্তর: IBM System 360।

৮. পার্সোনাল কম্পিউটারের কারিগরি নাম কী?

উত্তর: মাইক্রো কম্পিউটার।

৯. বিশ্বের প্রথম ও একমাত্র কম্পিউটার জাদুঘর কোথায়?

উত্তর: ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র।

১০. বাংলাদেশের প্রথম ডিজিটাল কম্পিউটার পত্রিকার নাম কী?

উত্তর: কম্পিউটার জগৎ।

১১. দোয়েল ল্যাপটপ প্রস্তুতকারী প্রতিষ্ঠান এর নাম কী?

উত্তর: টেশিস।

১২. VLSI এর পূর্ণরূপ কী?

উত্তর: Very Large Scale Integration.

১৩. পার্সোনাল কম্পিউটারের কারিগরি নাম কী?

উত্তর: মাইক্রো কম্পিউটার।

১৪. কোন কম্পিউটারকে মধ্যম সারির কম্পিউটার বলা হয়?

উত্তর: মিনি কম্পিউটার।



Teacher's Work



১. EDSAC কম্পিউটার ডাটা সংরক্ষণের জন্য কি ধরনের মেমোরি ব্যবহার করা হয়? [৩৭তম বিসিএস]

(a) RAM (b) Mercury Delay Lines (c) ROM (d) Registers (b)

২. প্রথম সংরক্ষিত প্রোগ্রাম বিশিষ্ট ইলেকট্রনিক কম্পিউটার কোনটি?

(a) EDSAC (b) ENIAC (c) PDP-8 (d) Pdp-11 (a)

৩. এনালগ কম্পিউটার ব্যবহারের ক্ষেত্র নয় কোনটি?

(a) রাসায়নিক শিল্প (b) পেট্রোলিয়াম (c) মুদ্রা শিল্প (d) খাদ্য প্রক্রিয়াকরণ (c)


৪. VLSI এর পূর্ণরূপ-

(a) Very Large System Intergration (b) Very Large Scale Integration (c) Very Long System Integration (d) কোনোটিই নয় (b)



Computer Architecture

সিস্টেম হল কতগুলো ইন্টিগ্রেটেড উপাদানের সম্মিলিত প্রয়াস যা কিছু সাধারণ উদ্দেশ্য সাধনের জন্য কাজ করে। অন্যভাবে বলা যায় যে, পরস্পর সম্পর্কযুক্ত একাধিক উপাদান সম্মিলিতভাবে একটি উদ্দেশ্য সাধনে কাজ করলে তাকে সিস্টেম বলে।



কম্পিউটার সিস্টেমের উপাদানগুলো হলো-

- ১। হার্ডওয়্যার
- ২। সফটওয়্যার
- ৩। Firmware
- ৪। হিউম্যানওয়্যার বা ব্যবহারকারী ও
- ৫। ডেটা/ইনফরমেশন।

■ **হার্ডওয়্যার (Hardware):** কম্পিউটারের বাহ্যিক অবকাঠামো বা বাহ্যিক আকৃতি সম্পন্ন সকল যন্ত্র, যন্ত্রাংশ, ডিভাইস সমূহকে হার্ডওয়্যার বলে। ইন্টিগ্রেটেড সার্কিট, মাইক্রোপ্রসেসর, মাদার বোর্ড প্রভৃতি যন্ত্রপাতি নিয়ে সূষ্ঠভাবে সম্পাদন ও সহায়তা করার জন্য রয়েছে অন্যান্য ডিভাইসসমূহ যেমন- ডিস্ক, ডিস্ক ড্রাইভ, কী-বোর্ড, মাউস, মনিটর, প্রিন্টার ইত্যাদি। উল্লিখিত সকল যন্ত্রপাতির সমন্বয়ে গঠিত হয় কম্পিউটারের হার্ডওয়্যার। হার্ডওয়্যার হচ্ছে কম্পিউটারের বাহ্যিক কাঠামো যা আমরা স্পর্শ করতে পারি।

■ **সফটওয়্যার (Software):** সমস্যা সমাধান বা কার্য সম্পাদনের উদ্দেশ্যে কম্পিউটারের ভাষায় ধারাবাহিকভাবে সাজানো নির্দেশমালাকে প্রোগ্রাম বলে। প্রোগ্রাম বা প্রোগ্রামের সমষ্টি যা কম্পিউটারের ও ব্যবহারকারীর মধ্যে সম্পর্ক সৃষ্টির মাধ্যমে হার্ডওয়্যারকে কার্যক্ষম করে তাকেই সফটওয়্যার বলে। সফটওয়্যার ছাড়া হার্ডওয়্যার অর্থহীন। সফটওয়্যার ব্যবহারকারী এবং হার্ডওয়্যারের সাথে যোগাযোগ রক্ষা করে। উপযুক্ত সফটওয়্যারের প্রভাবে

কম্পিউটার গাণিতিক শক্তিসম্পন্ন বুদ্ধিমান যন্ত্রে রূপ নেয়। কম্পিউটারের অভ্যন্তরীণ কার্য সম্পাদনের ভাষা ও আমাদের ভাষা এক নয়। বহুত কম্পিউটার প্রোগ্রাম লেখার জন্য অনেক কৃত্রিম ভাষার উদ্ভব হয়েছে। যেমন- সি, প্যাসকেল, জাভা, কোবল, বেসিক ইত্যাদি। কোন বিশেষ সমস্যার সমাধান করার জন্য কম্পিউটারের ভাষার মাধ্যমে ধারাবাহিকভাবে কোন প্রোগ্রাম বা প্রোগ্রামের সমষ্টি তৈরি করাকেই প্রোগ্রামিং বা প্রোগ্রাম করা বলে। আর যে প্রোগ্রাম তৈরি করে তাকে প্রোগ্রামার বলে। প্রোগ্রামার বিভিন্ন কাজের উপযোগি করে যে প্রোগ্রাম বা প্রোগ্রামের সমষ্টি তৈরি করেন, তাই সফটওয়্যার।

■ **হিউম্যানওয়্যার (Humanware):** সফটওয়্যার ছাড়া একটি কম্পিউটারের হার্ডওয়্যারগুলোর কোন মূল্য নেই। অর্থাৎ সফটওয়্যার না থাকলে হার্ডওয়্যার অচল। একজন কম্পিউটার ব্যবহারকারী (অর্থাৎ হিউম্যানওয়্যার) প্রথমত ডেটা সংগ্রহ (Data Collection) করেন। কম্পিউটারে প্রসেস করানোর জন্য সিস্টেম ডিজাইন (ইনপুট/আউটপুট এবং অন্যান্য সিস্টেম) করেন এবং কম্পিউটার প্রোগ্রাম লিখেন। ইহার পর কম্পিউটার ব্যবহারকারী কম্পিউটার চালানোর (Operate) মাধ্যমে প্রোগ্রামটিকে চালিয়ে দেখেন এবং ডেটাগুলোকে পরীক্ষা করেন। এই সব ডেটা সংগ্রহ, প্রোগ্রাম বা ডেটা সংরক্ষণ ও পরীক্ষাকরণ, কম্পিউটার চালানো, তথা প্রোগ্রাম লিখা, সিস্টেমগুলো ডিজাইন ও রেকর্ড লিপিবদ্ধকরণ এবং সংরক্ষণ, সফটওয়্যার ও হার্ডওয়্যারের মধ্যে সমন্বয় সাধন ইত্যাদি কাজগুলোর সঙ্গে যুক্ত সমস্ত মানুষকে একসঙ্গে বলা হয় হিউম্যানওয়্যার। এছাড়া যে কোনো কম্পিউটারের যন্ত্রপাতি প্রস্তুত করা, কম্পিউটার যন্ত্রপাতি প্রস্তুতের জন্য ফ্যাক্টরি (Factory) তৈরি করা, এমনকি ঐ প্রস্তুতকৃত কম্পিউটার যন্ত্রপাতি ব্যবহারকারীর নিকট আনা ও সেটআপ (Setup) করে দেওয়ার জন্য যে সব মানুষ যুক্ত সেই সব মানুষকে একসঙ্গে বলা হয় হিউম্যানওয়্যার।

■ **ফার্মওয়্যার (Firmware):** ফার্মওয়্যার হলো এমন একটি প্রোগ্রাম, যাকে কম্পিউটার তৈরির সময় কম্পিউটারের মেমরিতে (ROM) এ স্থায়ীভাবে সংরক্ষণ করে দেওয়া হয়। যখন কোন কম্পিউটার বা ডিভাইস রান করানো হয়, তখন ফার্মওয়্যার ডিভাইস চালানোর জন্য প্রসেসরকে প্রয়োজনীয় নির্দেশাবলী পাঠায়। ফার্মওয়্যারের উদাহরণের মধ্যে রয়েছে BIOS (Basic Input/Output System), EFI (Extensible Firmware Interface), ডিভাইস ড্রাইভার প্রভৃতি।



এক কথায় উত্তর

১. কম্পিউটার সিস্টেমের উপাদানগুলো কী কী?
উত্তর: হার্ডওয়্যার, সফটওয়্যার, firmware, Humanware, ডাটা বা ইনফরমেশন।
২. হার্ডওয়্যার কি?
উত্তর: কম্পিউটারের বাহ্যিক অবকাঠামো।
৩. হার্ডওয়্যারের উদাহরণ দিন?
উত্তর: কী-বোর্ড, মাউস, মনিটর, প্রিন্টার ইত্যাদি।
৪. সফটওয়্যার কি?
উত্তর: প্রোগ্রাম বা প্রোগ্রামের সমষ্টি যা কম্পিউটার ও ব্যবহারকারীর মধ্যে সম্পর্ক সৃষ্টির মাধ্যমে হার্ডওয়্যারকে কর্মক্ষম করে তোলে।
৫. হার্ডওয়্যার কোনটি ছাড়া অর্থহীন?
উত্তর: সফটওয়্যার।
৬. ব্যবহারকারী এবং হার্ডওয়্যারের মধ্যে সংযোগ স্থাপন করে কে?
উত্তর: সফটওয়্যার।
৭. হিউম্যানওয়্যার বলতে কী বোঝায়?
উত্তর: কম্পিউটার ব্যবহারকারী।
৮. CPU এর পূর্ণরূপ কি?
উত্তর: Central Processing Unit।
৯. কম্পিউটারের heart বলা হয় কোনটিকে?
উত্তর: CPU।
১০. কম্পিউটারের যন্ত্র বা যন্ত্রাংশকে কী বলে?
উত্তর: হার্ডওয়্যার।
১১. কম্পিউটার হার্ডওয়্যারকে প্রধানত কয়ভাবে ভাগ করা হয়?
উত্তর: ৩ ভাগে। যথা- ইনপুট, আউটপুট ও সিপিইউ।





Teacher's Work

১. কম্পিউটারের Software এবং Hardware মিলে হয়-
 - (a) ROM
 - (b) CPU
 - (c) PDA
 - (d) PC
২. কোনটি কম্পিউটারের সকল কাজ নিয়ন্ত্রণ করে?
 - (a) Hard disk
 - (b) Central Processing Unit
 - (c) Floppy disk
 - (d) Keyboard
৩. নিচের কোনটি কম্পিউটারের হার্ডওয়্যার নয়?
 - (a) মাউস
 - (b) মনিটর
 - (c) সিপিইউ
 - (d) পাওয়ার পয়েন্ট
৪. কম্পিউটার সফটওয়্যার বলতে কি বুঝানো হয়?
 - (a) প্রোগ্রাম
 - (b) মডেম
 - (c) কী-বোর্ড
 - (d) র‍্যাম
৫. কম্পিউটারের প্রাণশক্তি কোনটি?
 - (a) হার্ডওয়্যার
 - (b) সিপিইউ
 - (c) সফটওয়্যার
 - (d) মাইক্রোপ্রসেসর

Computer Performance

কম্পিউটার পারফরম্যান্স বা কর্মক্ষমতা হলো একটি Computer System এর দক্ষতা যা একটি Computer কতটা ভাল কাজ করতে পারে তা বোঝায়। একটি কম্পিউটার কর্মক্ষমতা মূল্যায়ন প্রক্রিয়া হিসাবে একটি Computer System এর সংস্থান Input, প্রক্রিয়াকরণ এবং Output গুলো নির্ধারণ করা হয়। যার মাধ্যমে সিস্টেমটি সর্বোত্তম স্তরে কাজ করছে কিনা জানা যায়।

- Computer Performance এর কাজের হিসাবকে ন্যানো সেকেন্ড দ্বারা প্রকাশ করা হয়।
- নিম্নোক্ত বিষয় গুলোর উপর বিবেচনা করে একটি Computer এর কর্মক্ষমতা নির্ণয় করা হয়।
 - a. Response time.
 - b. Access time.
 - c. Latency.
 - d. High Speed.
 - e. Bandwidth.
 - f. Correctness.
 - g. Accuracy

Computer Peripherals

পেরিফেরাল ডিভাইস হল একটি কম্পিউটার ডিভাইস বা অংশ যা বিভিন্ন ধরনের সংযোগের মাধ্যমে কম্পিউটারের সাথে সংযুক্ত থেকে Computer কে নানা ধরনের কাজে সহায়তা করে। মূলত পেরিফেরাল ডিভাইসগুলি কম্পিউটার সিস্টেমের অতিরিক্ত ফাংশন যা ডেটা ইনপুট এবং আউটপুট কার্যকারিতা প্রদান করে।

Peripheral Device Type

Input	Output	Composite	Input	Output	Composite
✓ Keyboard	✓ Monitor	✓ Floppy Disk	✓ Barcode Reader		✓ NIC Card
✓ Mouse	✓ Printer		✓ Microphone		✓ Modem
✓ Graphic Tablet	✓ Projector	✓ CD/DVD Drive	✓ Joystick		
✓ Touch Screen	✓ Speaker	✓ Flash Drive	✓ Webcam & Digital Camera		
✓ Scanner					



Computer Input & Output Devices

ইনপুট ইউনিট (Input Device)

কম্পিউটারের সাহায্যে কোন কাজ সম্পন্ন করার জন্য প্রথমে কম্পিউটারকে ঐ কাজের তথ্য প্রদান করতে হয়। কম্পিউটারকে দেওয়া এই তথ্যই হচ্ছে ইনপুট (Input)। কম্পিউটারে ইনপুট প্রদানের জন্য অনেক রকম যন্ত্র ব্যবহার করা হয়। এসব যন্ত্রকে বলা হয় ইনপুট ডিভাইস। ইনপুট যন্ত্রপাতি তিন ধরনের হয়ে থাকে। যথা-

১) কী বোর্ড (Keyboard)

২) ডিরেক্ট এন্ট্রি যন্ত্রপাতি

ক) নির্দেশক যন্ত্রপাতি

- মাউস (Mouse) - টাচস্ক্রিন (Touchscreen)
- ট্র্যাকবল (Track Ball) - লাইটপেন (Light Pen)
- জয়স্টিক (Joy-stick)
- ডিজিটাইজার (Digitizer) বা গ্রাফিক্স ট্যাবলেট (Graphics Tablet)
- কলমভিত্তিক সিস্টেম (Pen Based System)

খ) স্ক্যানিং যন্ত্রপাতি

- স্ক্যানার (Scanner) - MICR
- ওএমআর (OMR) - ওসিআর (OCR)

গ) সেন্সর যন্ত্রপাতি

- বারকোড রিডার (Barcode Reader)
- সেন্সর (Sensor)

ঘ) স্মার্ট ও অপটিক্যাল কার্ড যন্ত্রপাতি

- স্মার্ট কার্ড (Smart Card)
- মেমোরি কার্ড (Memory Card)

ঙ) অডিও ইনপুট যন্ত্রপাতি

- মাইক্রোফোন (Microphone)

চ) ভিডিও ইনপুট যন্ত্রপাতি

- ওয়েবক্যাম (WebCam)
- ডিজিটাল ক্যামেরা (Digital Camera)

ছ) অন্যান্য

- পাঞ্চকার্ড (Punch Card)
- চৌম্বক টেপ ড্রাইভ (Magnetic Tape Drive)

৩) টার্মিনাল (Terminal)

▶ কী-বোর্ড (Keyboard)

কী-বোর্ড (অন্য নাম- কন্ট্রোল বোর্ড) এর মধ্যে বর্ণ, সংখ্যা এবং বিশেষ চিহ্নের বিভিন্ন কী-গুলো সারিবদ্ধভাবে সাজানো থাকে। বর্তমানে প্রচলিত কী-বোর্ডগুলোতে সর্বোচ্চ ১০৫টি কী থাকে। বিভিন্ন ধরনের কী-বোর্ডে লে-আউট আছে। কী-বোর্ডের বামপ্রান্তের উপরের প্রথম ৬টি বর্ণের ক্রম দিয়ে এই লে-আউটের নামকরণ করা হয়। যেমন:

- ক) QWERTY Layout
- খ) QWERTZ Layout
- গ) AZERTY Layout



QWERTY Layout Keyboard

ফাংশন কী (Function Keys): তথ্য সংযোজন, বিয়োজন বা নির্দেশ প্রদানের জন্য ফাংশন কী ব্যবহার করা হয়। ১২টি ফাংশন কী রয়েছে (F1-F12)।

F-1	সাহায্য বা হেল্প কী হিসেবে ব্যবহৃত হয়। যেকোনো প্রোগ্রাম হেল্প মেনুতে দেখতে এটি ব্যবহার করা হয়।
F-2	সাধারণত কোনো ফাইল বা ফোল্ডারের নাম পরিবর্তন করার জন্য ব্যবহৃত হয়। যেকোনো ফাইল বা ফোল্ডার নির্বাচন করে এই কী চেপে ফাইলের নাম বদলানো যাবে।
F-3	মাইক্রোসফট উইন্ডোজসহ অনেক প্রোগ্রামের সার্চ সুবিধা চালু হয়। উইন্ডোজ কমান্ডে এটি চাপ দিলে আগের কমান্ডটির পুনরাবৃত্তি ঘটে।
F-4	এই কী দিয়ে মাইক্রোসফট ওয়ার্ডের last action performed Repeat করা যায়। Alt + F4 চেপে সক্রিয় সব প্রোগ্রাম বন্ধ করা যায় এবং Ctrl + F4 চেপে সক্রিয় সব উইন্ডো বন্ধ করা যায়।
F-5	এটা চেপে মাইক্রোসফট ওয়ার্ডে find, replace, go to উইন্ডো খোলা হয়। এছাড়া যে কোনো পেজ রিফ্রেশ, পাওয়ার পয়েন্টে স্লাইড শো শুরু এবং বন্ধ করার জন্য এই বাটনটি ব্যবহার করা হয়ে থাকে।
F-6	মাউসের কার্সরকে ইন্টারনেট ব্রাউজারের আড্রেসবারে নিয়ে যেতে চাইলে এই কী ব্যবহার করা হয়।
F-7	মাইক্রোসফট ওয়ার্ডে লেখা বানান ও ব্যাকরণ ঠিক করা হয়। shift + F7 চেপে মাইক্রোসফট ওয়ার্ডে কোনো নির্বাচিত শব্দের প্রতিশব্দ, বিপরীত শব্দ, শব্দের ধরন ইত্যাদি জানার অভিধান চালু করা হয়।
F-8	অপারেটিং সিস্টেম safe mood এ চালু করার জন্য এটি ব্যবহৃত হয়।
F-9	কোয়ার্ক এক্সপ্রেসের মেজারমেন্ট টুলবার চালু করার জন্য এটি কাজে লাগে।
F-10	এটি চেপে ইন্টারনেট ব্রাউজার বা কোনো খোলা উইন্ডোর মেনুবার নির্বাচন করা হয়।
F-11	যেকোনো সক্রিয় উইন্ডো পর্দাজুড়ে (ফুলস্ক্রিন) দেখতে এবং স্বাভাবিক অবস্থায় আনতে এটি ব্যবহার করা হয়।
F-12	মাইক্রোসফট ওয়ার্ডের save as উইন্ডো চালু করা হয়। কম্পিউটারের শুধু F12 চেপে বাংলা থেকে ইংরেজি বা ইংরেজি থেকে বাংলা মুডে যাওয়া যাবে। ল্যাপটপে fn + f12 চাপতে হবে।

আলফানিউমেরিক কী (Alphanumeric Keys): কীবোর্ডের যে অংশ টাইপ রাইটারের মতো বর্ণ এবং অক্ষর অর্থাৎ অ্যালফাবেট (a-z) এবং নম্বর (0-9) দিয়ে সাজানো থাকে, সেই অংশের কী গুলোকে আলফানিউমেরিক কী বলে।

নিউমেরিক কী-প্যাড (Numeric Keypad): কীবোর্ডের ডান অংশে ক্যালকুলেটরের মতো অর্থাৎ 0-9 এবং যোগ, বিয়োগ, গুণ, ভাগ ইত্যাদি চিহ্নিত কী গুলোকে নিউমেরিক কী-প্যাড বলা হয়। ১৭টি নিউমেরিক কী রয়েছে।


মডিফায়ার কী (Modifier Keys): কী-বোর্ডের যে সকল বোতাম চেপে কোন অক্ষর বা বর্ণ টাইপ করা হয় না, কিন্তু অক্ষর বা বর্ণ বিন্যাসের কাজ এবং অন্যান্য ধরনের কাজ করা হয়, সে সব বোতামকে বলা হয় মডিফায়ার কী। যেমন: শিফট (Shift), অপশন (Option), কমান্ড (Command), কন্ট্রোল (Ctrl), অল্টার (Alt)।



কার্সর মুভমেন্ট কী (Cursor Movement Key): কী-বোর্ডের ডান দিকে ৪টি Arrow Key (←↑→↓) আছে। এর সাহায্যে কার্সরকে বিভিন্ন দিকে নেওয়া যায়। এই কী-গুলোকে কার্সর মুভমেন্ট কী বলা হয়।

▶ মাউস (Mouse)

মাউস হলো হাত দিয়ে নিয়ন্ত্রিত হুঁদুর সদৃশ একটি পয়েন্টিং ডিভাইস। এটি কীবোর্ডের নির্দেশ প্রদান ছাড়াই একটি কম্পিউটারকে নিয়ন্ত্রণ করে থাকে। ১৯৬৩ সালে ডগলাস এঙ্গেলবার্ট মাউস আবিষ্কার করেন। ১৯৮৪ সালে মেকিন্টোস কম্পিউটারে সর্বপ্রথম মাউস ব্যবহৃত হয়।



চিত্র : মাউস

মাউস সমতলে নাড়ালে মনিটরের পর্দায় একটি তীর বা হাতের মতো চিহ্ন নড়াচড়া করতে দেখা যায়। একে কার্সর (Cursor) বলে। মাউস নড়াচড়া করে ইচ্ছামত কার্সরকে স্থানান্তর করা যায়। একটি স্ট্যান্ডার্ড মাউসে দুটি বা তিনটি বাটন থাকে। সাধারণভাবে বাম পাশের বাটন ব্যবহার করা হয়। তবে ডান পাশের বাটনে কিছু অতিরিক্ত অপশন রয়েছে যা কিছু কিছু প্রোগ্রামে কাজ করার সময় ব্যবহার করা হয়। স্ক্রল বাটনযুক্ত মাউসের স্ক্রল বাটন ঘুরিয়ে মনিটরে প্রদর্শনযোগ্য পৃষ্ঠাকে উপরে বা নিচে করে সহজেই দেখা যায়।

▶ মাউস এর ব্যবহার (Use of Mouse)

পয়েন্টিং (Pointing): মাউস পয়েন্টারকে মনিটর স্ক্রিনের যে কোন জায়গায় নড়াচড়া করানোকে পয়েন্টিং বলা হয়।

ক্লিক (Click): মাউসের বাটন একবার ক্লিক করে ছেড়ে দেওয়াকে সিঙ্গেল ক্লিক বা শুধু ক্লিক বলা হয়। মাউসের বাটন পরপর দুইবার চাপ দেওয়াকে ডাবল ক্লিক বলা হয়।

ড্রাগ এন্ড ড্রপ (Drag & Drop): কোন ছবি, আইকন বা উইন্ডোকে সিলেক্ট করে মাউসের বাম বাটন চেপে ধরে টেনে আনাকে ড্রাগ বা ড্র্যাগিং বলা হয়। যে বিষয়ের ড্রাগ করা দরকার সেটির উপর মাউস পয়েন্টার নিয়ে ক্লিক করে সিলেক্ট করে মাউসের বাম বাটন চেপে ধরে যেখানে নেওয়া প্রয়োজন সেখানে টেনে এনে মাউসের বোতাম ছেড়ে দিতে হবে। এভাবে ড্রাগ করে ছেড়ে দেওয়াকে ড্রপিং বা ড্রপ বলা হয়।

সিলেক্ট (Select): কোন অবজেক্ট (টেক্সট/ Drawing/ Picture ইত্যাদি) সিলেক্ট করতে হলে অবজেক্টের ডান বা বামদিকে আই-বিম ক্লিক করে মাউসে চাপ রেখে অবজেক্টের উপর দিয়ে বাম বা ডানদিকে টেনে নিয়ে যেতে হবে। এতে টেনে নিয়ে যাওয়া অংশটুকুর উপর অন্য রঙের আচ্ছাদন পড়ে যাবে। এ রকম অবজেক্টের উপর দিয়ে অন্য রঙের আচ্ছাদন পড়ে যাওয়া বা হাইলাইটেড (Highlighted) হয়ে যাওয়াকেই সিলেক্টেড হওয়া বলা হয়।



▶ জয়স্টিক (Joystick)

জয়স্টিক হলো একটি ইনপুট ডিভাইস যাতে আয়তাকার বেসের সাথে কম্পিউটারের সংযোগ থাকে। মনিটরের পর্দায় একটি ছোট আলোক চিহ্নকে বলে কার্সর। জয়স্টিকের সাহায্যে কার্সরকে পর্দার উপর ইচ্ছামতো যে কোন জায়গায় সরানো যায়। সাধারণত কম্পিউটারে গেম খেলতে জয়স্টিক ব্যবহৃত হয়। এছাড়া ভারুয়াল রিয়েলিটি এবং বিভিন্ন ধরনের সিমুলেশনের কাজেও জয়স্টিকের ব্যবহার রয়েছে।



▶ ডিজিটাইজার (Digitizer)

ডিজিটাইজারে একটি আয়তাকার চ্যাপ্টা ব্লক থাকে যাকে ডিজিটাইজার বোর্ড বলা হয়। বোর্ডের ভিতরে উপযুক্ত বৈদ্যুতিক ব্যবস্থা আছে। একটি স্টাইলাস (কলমের মতো) এর সাহায্যে বোর্ডের যা কিছু লেখা বা আঁকা যায় তা মনিটরের পর্দায় ভেসে উঠে। ডিজিটাইজারের সাহায্যে বিভিন্ন গ্রাফ, ম্যাপ, বাড়ির নকশা ইত্যাদি সহজেই কম্পিউটারের ইনপুট দেওয়া যায়। বাংলাদেশ ভূমি জরিপ অধিদপ্তর ডিজিটাইজার ব্যবহার করে তাদের মৌজা ম্যাপগুলো সংরক্ষণ ও সম্পাদনা করেছে।

▶ গ্রাফিক্স ট্যাবলেট (Graphics Tablet)

গ্রাফিক্স ট্যাবলেট কার্যত মাউসের বিকল্প যন্ত্র। গ্রাফিক্স ট্যাবলেট দেখতে অনেকটা পেন্সিলের প্লেটের মতো। বিশেষ কলম দিয়ে প্লেট বা প্যাডের উপরে ছবি বা কোন অলংকরণের কাজ করা যায়। গ্রাফিক্স ট্যাবলেটের উপর বিশেষ কলমের লেখা প্রথম গ্রাফিক্স ট্যাবলেট ধারণ বা সনাক্ত করে এবং x ও y স্থানাংক হিসেবে পর্দায় প্রেরণ করে।



▶ লাইটপেন (Light pen)

লাইট পেন দেখতে অনেকটা কলমের মতো, এজন্য এটির নাম দেওয়া হয়েছে লাইটপেন। এর এক মাথায় লাইট সেন্সর থাকে যা আলো অনুভব করতে পারে, অন্য প্রান্ত কম্পিউটারের সাথে যুক্ত। প্রকৌশল ডিজাইন, বিভিন্ন ধরনের নকশা বা ডায়গ্রাম লাইট পেনের সাহায্যে করা যায়।



▶ স্ক্যানার (Scanner)

স্ক্যানার অনেকটা ফটোকপি মেশিনের মতো। এর মাধ্যমে যে কোন লেখা, ছবি, ড্রয়িং অবজেক্ট ইত্যাদি স্ক্যান করে কম্পিউটারে ডিজিটাল ইমেজ হিসেবে কনভার্ট করা যায়। পরবর্তীতে বিভিন্ন সফটওয়্যার যেমন, Adobe Photoshop এর মাধ্যমে ডিজিটাল ইমেজকে ইচ্ছেমতো এডিট করা যায়।




► MICR

MICR এর সঠিক পূর্ণরূপ হলো Magnetic Ink Character Recognition। কিন্তু আমাদের অধিকাংশ পাঠ্য বইয়ে MICR এর পূর্ণরূপ- Magnetic Ink Character Reader লেখা আছে। (সূত্র: প্রকৌশলী মুজিবুর রহমান রচিত দ্বাদশ শ্রেণির কম্পিউটার ও তথ্য প্রযুক্তি)। প্রকৃতপক্ষে যে মেশিন MICR লেখা পড়তে পারে, তাকে MICR Reader বলে। চৌম্বক কালি বা ফেরোসোসেফেরিক অক্সাইডযুক্ত কালির সাহায্যে MICR লেখা হয়। এ কালিতে লেখা কাগজ শক্তিশালি চৌম্বকক্ষেত্রে রাখলে কালির ফেরোসোসেফেরিক অক্সাইড চুম্বকে পরিণত হয়। এরপর এই বর্ণচুম্বকগুলো তড়িৎ চৌম্বকীয় আবেশের দ্বারা তড়িৎ প্রবাহ উৎপন্ন করে। এই আবিষ্টি তড়িৎপ্রবাহের মান থেকে কোন বর্ণ পড়া হচ্ছে কম্পিউটার তা বুঝতে পারে ও সঞ্চিত রাখে। এই পদ্ধতিতে ব্যাংকের চেকের চেক নম্বর লেখা ও পড়া হয়। সম্প্রতি বাংলাদেশ ব্যাংকসহ সকল তফসিলি ব্যাংকে MICR যুক্ত চেক ব্যবহার বাধ্যতামূলক করেছে।



MICR-রিডার




MICR চেক

► ওএমআর (Optical Mark Recognition- OMR)

অপটিক্যাল মার্ক রিডার এমন একটি যন্ত্র যা পেন্সিল বা কালির দাগ (Mark) বুঝতে পারে। পেন্সিলের দাগ বোঝা যায় পেন্সিলের সীসের উপাদান গ্রাফাইটের বিদ্যুৎ পরিবাহিতা বিচার করে। কালির দাগ বোঝা যায় কালির দাগের আলোর প্রতিফলন বিচার করে। অপটিক্যাল মার্ক রিডার বিশেষ ব্যবস্থার সাহায্যে এই দাগগুলোর অস্তিত্ব বুঝতে পারে এবং সঠিক দাগ গণনা করতে পারে। অবজেকটিভ প্রেন্সের উত্তরপত্র পরীক্ষা, বাজার সমীক্ষা, জনগণনা ইত্যাদি কাজে OMR ব্যবহৃত হয়।



OMR



OMR Sheet

► ওসিআর (Optical Character Recognition- OCR)

অপটিক্যাল ক্যারেক্টার রিডার শুধু দাগই বোঝে না, বিভিন্ন বর্ণের পার্থক্যও বুঝতে পারে। ওসিআর কোনো বর্ণ পড়ার সময় সেই বর্ণের গঠন অনুযায়ী কতগুলো বৈদ্যুতিক সংকেত সৃষ্টি করে। ওসিআরে আগে থেকেই প্রত্যেক বর্ণের বৈদ্যুতিক সংকেত কম্পিউটারে জমা থাকে- এর সাথে মিলিয়ে কোন বর্ণ পড়া হচ্ছে ওসিআর তা বুঝতে এবং কম্পিউটারে জমা রাখতে পারে। চিঠির পিন কোড ইলেকট্রিক বিল, ইস্যুরেস প্রিমিয়াম, নোটিশ ইত্যাদি পড়ার জন্য OCR ব্যবহৃত হয়।



► বারকোড রিডার (Barcode Reader)

বারকোড রিডার একটি অপটিক্যাল ইনপুট ডিভাইস। বারকোড বলতে কম-বেশি চওড়াবিশিষ্ট পর্যায়ক্রমে কতগুলো বার বা রেখার সমাহারকে বোঝায়। একে ইউনিভার্সাল প্রোডাক্ট কোড (Universal Product Code) ও বলা হয়। দোকান থেকে বিক্রিত জিনিসের প্যাকেটের উপর বার কোডের সাহায্যে জিনিসের নাম এবং নির্মাণকারী নাম এবং মূল্য ইত্যাদি তথ্য লেখা থাকে। অতঃপর একটি কম্পিউটার বার কোড রিডারের সাহায্যে কোডটি পড়ে তা কোন সংখ্যা বোঝায়, তা জেনে নিতে পারে। কম্পিউটারের স্মৃতিতে প্রতিটি জিনিসের বারকোড নম্বর ও দাম রক্ষিত থাকে। এ থেকে কম্পিউটার বিক্রিত জিনিসের নাম ও দাম লিখে বিল তৈরি করে এবং সাথে সাথে বিক্রিত জিনিসের স্টকও আপডেট করে।



বারকোড



বারকোড রিডার

► সেন্সর (Sensor)

সেন্সর হলো এমন এক ধরনের ডিভাইস যা কোন সংকেতকে চিহ্নিত বা সনাক্ত করতে থাকে। অধিকাংশ সেন্সরই ইলেকট্রিক্যাল হয়ে থাকে। সেন্সরগুলো এক ধরনের ট্রান্সডিউসার। এগুলো বিভিন্ন ধরনের হয়ে থাকে। যেমন, লাইট সেন্সর, সাউন্ড সেন্সর, হিট সেন্সর, বায়োমেট্রিক টাইম ক্লক সেন্সর ইত্যাদি।

► ওয়েবক্যাম (WebCam)

ওয়েবক্যাম হলো একটি ভিডিও ক্যামেরা যা কম্পিউটার থেকে কম্পিউটারে রিয়েল টাইম ইমেজ বা ভিডিও আদান-প্রদান করে। এর মাধ্যমে ইন্টারনেটে ভিডিও চ্যাটিং করা যায়। এর মাধ্যমে কম্পিউটার থেকে ভিডিও দেখে নিরাপত্তার কাজ করা যায় এবং ভিডিও রেকর্ডিং করা যায়।



► ডিজিটাল ক্যামেরা (Digital Camera)

চলন্ত এবং স্থির ছবি তুলে তা কম্পিউটারে দেওয়ার জন্য ডিজিটাল ক্যামেরা ব্যবহৃত হয়। ডিজিটাল ক্যামেরাতে ফিল্ম থাকে না। এতে CCD (Charge Coupled Device) নামক একটি চিপ থাকে। এর কাজেও ফিল্মের মতই এবং এটিও আলোকসংবেদনশীল। সিসিডি হলো টিনি লাইট সেনসিটিভ ডায়োড (Tiny light Sensitive Diode) যা ফোটনকে ইলেকট্রনে কনভার্ট করে। অর্থাৎ ফোকাসের মাধ্যমে প্রাপ্ত ছবি বা লাইটকে ইলেকট্রনিক চার্জ পরিণত করে। সিসিডি এর পৃষ্ঠদেশে ছোট ছোট অনেক বর্গাকার পিক্সেল থাকে। প্রতিটি পিক্সেল একটি ছবির একটি অংশ ধরে রাখে। তাই সিসিডিতে যত বেশি পিক্সেল থাকবে সেটি তত সূক্ষ্মভাবে ছবি ধরে রাখতে পারবে।



► মাইক্রোফোন (Microphone)

মাইক্রোফোন শব্দ রেকর্ডিং এর জন্য ব্যবহৃত একটি ইনপুট ডিভাইস। মাইক্রোফোনের মাধ্যমে শব্দ রেকর্ড হয় এবং ডিজিটাল ফরম্যাটে রূপান্তরের পর সাউন্ড ফাইল হিসেবে সংরক্ষণ করা হয়।



আউটপুট ইউনিট (Output Unit)

কম্পিউটারের কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ ইউনিট বা সিপিইউ প্রাপ্ত তথ্য বা ইনপুটকে ব্যবহারকারীর দেওয়া নির্দেশ অনুযায়ী প্রক্রিয়াকরণের কাজ সম্পন্ন করে। প্রক্রিয়াকরণের কাজ সম্পন্ন হলে তার ফল পাওয়া যায়। এই ফলকেই বলা হয় আউটপুট (Output)। প্রক্রিয়াকরণের পর যে সকল যন্ত্রের সাহায্যে ফল পাওয়া যায়, সে সকল যন্ত্রকে আউটপুট ডিভাইস (Output Device) বলা হয়। বহুল ব্যবহৃত আউটপুট ডিভাইসগুলো হলো-

- মনিটর (Monitor): সবচেয়ে বহুল ব্যবহৃত আউটপুট ডিভাইস।
- প্রিন্টার (Printer) - প্রজেক্টর (Projector)
- স্পিকার (Speaker) - হেডফোন (Head Phone)
- প্লটার (Plotter)

মনিটর সাধারণত তিন ধরনের হয়ে থাকে। যেমন-

- ১) **সিআরটি মনিটর (CRT Monitor):** CRT এর পূর্ণরূপ হলো Cathode Ray Tube। ক্যাথোড রে টিউবযুক্ত মনিটরকে সিআরটি মনিটর বলা হয়। টিউবের ভিতরের দিকে ফসফর নামক এক ধরনের রাসায়নিক পদার্থের প্রলেপ থাকে। সাদাকালো সিআরটি মনিটরে একটি ইলেকট্রন গান থাকে এবং রঙিন মনিটরে তিনটি মৌলিক রং [লাল (Red), সবুজ (Green), আসমানী (Blue)] প্রদর্শনের জন্য তিন ধরনের ইলেকট্রন গান থাকে। ইলেকট্রন গান থেকে নির্গত ইলেকট্রন ফসফরের উপর আঘাত হানে। ইলেকট্রন রশ্মিগুলো আঘাত হানার পর ফসফর দানাগুলো আলোকিত হয় এবং পর্দায় ছবি হিসেবে পরিস্ফুটিত হয়। এ ধরনের মনিটরে কম উজ্জ্বল ডিসপ্লে হয়ে থাকে। আকারে অপেক্ষাকৃত বড় এবং বিদ্যুৎ খরচ বেশি হওয়ায় মনিটরগুলোর ব্যবহার দিন দিন হ্রাস পাচ্ছে।
- ২) **এলসিডি মনিটর (LCD Monitor) :** LCD এর পূর্ণরূপ হলো Liquid Crystal Display। কম্পিউটারে ব্যবহৃত এক ধরনের ডিসপ্লে ইউনিট। এটির পর্দা সমতল। একে ফ্ল্যাট প্যানেল মনিটর (Flat Panel Monitor) ও বলা হয়। এলসিডি মনিটরে বিশেষ ধরনের তরল ক্রিস্টাল ব্যবহার করা হয় যা স্বাভাবিক অবস্থায় স্বচ্ছ। বিদ্যুৎ পরিবাহিতার মাধ্যমে স্বচ্ছ ক্রিস্টাল চার্জিত হয়ে ছবি ফুটিয়ে তোলে। ক্যালকুলেটর কিংবা ডিজিটাল ঘড়িতে এলসিডি ডিসপ্লে ব্যবহৃত হয়। ল্যাপটপ বা নোটবুকে এ ধরনের মনিটর ব্যবহৃত হয়। ডেস্কটপ কম্পিউটারের জন্যও ফ্ল্যাট প্যানেল মনিটর পাওয়া যায় কিন্তু এগুলোর দাম সাধারণ সিআরটি মনিটরের চেয়ে কয়েকগুণ বেশি। ফ্ল্যাট প্যানেল মনিটর ওজনে অনেক হালকা, অল্প জায়গা দখল করে এবং বিদ্যুৎ খরচ কম।
- ৩) **এলইডি মনিটর (LED Monitor):** LED এর পূর্ণরূপ হলো Light Emitting Diode। এটি LCD মনিটরের মতোই কাজ করে কিন্তু এর ব্যাকলাইটটি ভিন্ন ধরনের। LCD মনিটর অপেক্ষা ডিসপ্লে কোয়ালিটি ভাল মানের এবং বিদ্যুৎ খরচ ৪০% কম। এটি চোখের জন্য বেশি স্বাস্থ্যকর এবং স্থায়ীত্বকাল বেশি। এটি তৈরি করার সময় LCD মনিটরের মতো মারকারি ব্যবহার করা হয় না বিধায় এটি বেশি পরিবেশবান্ধব। এর মূল্য তুলনামূলক বেশি।



ভিডিও কন্ট্রোলার (Video Controller)

মনিটরের পর্দায় কোন ছবি, লেখা বা টেক্সট প্রদর্শনের জন্য কম্পিউটার একটি ইন্টারফেস ব্যবহার করে, যাকে ভিডিও কন্ট্রোলার বলা হয়। এটি প্রসেসর থেকে প্রাপ্ত সিগন্যাল যথাযথভাবে রূপান্তর করে প্রদর্শনের জন্য মনিটরে পাঠায়। মনিটরে দৃশ্যমান ছবির গুণগত মান যথেষ্ট পরিমাণে ভিডিও কন্ট্রোলারের উপর নির্ভর করে। নিচে কিছু জনপ্রিয় ভিডিও কন্ট্রোলারের নাম দেওয়া হলো-

- ১) VGA (Video Graphics Array)
- ২) SVGA (Super Video Graphics Array)
- ৩) XGA (Extended Graphics Array)

ডট পিচ (Dot Pitch)

রঙিন মনিটরের পর্দার ভিতরের পিঠ লাল, সবুজ, ও আসমানী এই তিনটি মৌলিক বর্ণের ফসফর দানার সম্মিলনে গঠিত অসংখ্য ফসফর বিন্দুত্রয়ী (Dot triad) দ্বারা আচ্ছাদিত থাকে। পাশাপাশি দুটি বিন্দুত্রয়ীর একই বর্ণের দুটো ফসফর বিন্দুত্রয়ীর কোনাকুনি দূরত্বকে ইংরেজিতে 'ডট পিচ' বলা হয়। ডট পিচ যত কম হবে, ফসফর বিন্দুত্রয়ী (Dot triad) পরস্পরের সাপেক্ষে যত কাছাকাছি থাকবে, পর্দায় প্রদর্শিত চিত্র তত পরিষ্কার ও সুস্পষ্ট হবে। ডট পিচকে মিলিমিটার এককে প্রকাশ করা হয়।

পিক্সেল (Pixel)

কম্পিউটারে তথ্য প্রদর্শনের ক্ষুদ্রতম একক হচ্ছে পিক্সেল। এই শব্দটি ইংরেজি Picture Element এর সংক্ষিপ্ত রূপ। পিক্সেল হচ্ছে ডেটা প্রদর্শনের উদ্দেশ্যে ব্যবহৃত মাধ্যমের (যেমন- মনিটরের পর্দা) ক্ষুদ্রতম এলাকা যার বর্ণ এবং উজ্জ্বলতা স্বাভাবিকভাবে নিয়ন্ত্রণ করা যায়।

রেজুলেশন (Resolution)

